# «الْيَهُودُ مَغْضُوبٌ عَلَيْهِمْ، وَالنَّصَارَى ضُلَّالٌ». “ইয়াহুদীরা হলো ক্রোধে নিপতিত, আর খৃস্টানরা হলো পথভ্রষ্ট।”

‘আদী ইবন হাতিম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: «الْيَهُودُ مَغْضُوبٌ عَلَيْهِمْ، وَالنَّصَارَى ضُلَّالٌ». “ইয়াহুদীরা হলো ক্রোধে নিপতিত, আর খৃস্টানরা হলো পথভ্রষ্ট।”

[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন যে, ইয়াহুদীরা হলো এমন এক জাতি যাদের উপর আল্লাহর গজব পতিত হয়েছে। কেননা তারা সত্য জেনে-বুঝেও তার ওপর আমল করেনি। অন্যদিকে খৃস্টানরা হলো পথভ্রষ্ট জাতি; কারণ তারা ইলম বিহীন আমল করেছে।

http://sunnah.global/hadeeth/bn/show/65061